



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
www.dhakaeducationboard.gov.bd




নং-ছাড়পত্র/একাদশ/২১-২২/৩৬১

তারিখ : ২৮/০৬/২০২২

জরুরি বিজ্ঞপ্তি

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকার অধীন সকল উচ্চমাধ্যমিক বিদ্যালয়/কলেজ সমূহের শিক্ষার্থী ও প্রতিষ্ঠান প্রধানদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষার্থী যে মাসে টিসি নিবে তাকে শুধুমাত্র সেই চলমান মাস পর্যন্ত কলেজের বেতনাদি/হোস্টেল ফি(আবাসিক শিক্ষার্থীর ক্ষেত্রে) পরিশোধ করতে হবে। কোনভাবেই শিক্ষার্থীর নিকট হতে পরবর্তী মাস সমূহের বেতন/হোস্টেল ফি/সেশন ফি গ্রহণ করা যাবে না। এছাড়া টিসি কিংবা অন্য কোন ফি বাবদ শিক্ষার্থীর নিকট হতে কোন অতিরিক্ত অর্থ গ্রহণ করা যাবে না। অনুরূপভাবে টিসিকৃত কলেজও কোনভাবেই শিক্ষার্থীর কাছ থেকে ভর্তিকৃত মাসের বেতন ব্যতীত ভর্তি ফি/সেশন ফি গ্রহণ করতে পারবে না (তবে আবাসিক শিক্ষার্থী হলে চলতি মাস হতে হোস্টেল ফি গ্রহণ করা যাবে)। কোনক্রমেই শিক্ষার্থীর নিকট হতে অতিরিক্ত অর্থ আদায়ের উদ্দেশ্যে টিসি আটকে রাখা যাবে না। পরবর্তীতে এ ধরনের কোন অভিযোগ পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে এমনকি সংশ্লিষ্ট কলেজের পাঠদানের অনুমতি বাতিল করা হতে পারে।

চেয়ারম্যানের আদেশক্রমে


২৮/০৬/২০২২
প্রফেসর আবু তালেব মোঃ মোয়াজ্জেম হোসেন
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ০২-৫৮৬১২৪৭৬

ইমেইল: ic@dhakaeducationboard.gov.bd

